

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr.gov.bd

[কাস্টমস: আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৭.১০.০০৩.১৯ - ৯৮৭(২২)

তারিখ: ১৬ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০২০ খ্রি.

বিষয়: E-payment এর মাধ্যমে শুল্ক-করাদি, ফি, চার্জ পরিশোধ বাধ্যতামূলককরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, WTO-Trade Facilitation Agreement (TFA) এর Article 7.2 বাস্তবায়নকল্পে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক শুল্ক-করাদি, ফি, চার্জ পরিশোধের পদ্ধতি সহজীকরণের মাধ্যমে পণ্য চালান খালাস কার্যক্রম ত্বরান্বিতকরণ করার লক্ষ্যে বিদ্যমান ASYCUDA World System এর মাধ্যমে Real Time Gross Settlement (RTGS) ব্যবহার করে Electronic Payment (E-payment) ব্যবস্থা চালু করা হয়েছে। ২০১৭ সালে এ ব্যবস্থাটি চালু হলেও এর কাজক্ষিত সুফল এখনও পাওয়া যাচ্ছে না। ২০১৮-১৯ অর্থবছরে E-payment এর মাধ্যমে পরিশোধিত রাজস্বের পরিমাণ ছিল ১১৩০,২৪,৯৪,১১৯ টাকা। ২০১৯-২০২০ অর্থবছরের ১৫ মার্চ ২০২০ পর্যন্ত E-payment এর মাধ্যমে জমাকৃত রাজস্বের পরিমাণ ৪১১০,০০,৩০,৯২৭ টাকা। উল্লেখ্য, বর্তমানে ৪১ টি বাণিজ্যিক ব্যাংক E-payment ব্যবস্থার সাথে সম্পৃক্ত রয়েছে বলে জানা গেছে।

০২। কিন্তু এ ব্যবস্থাটি বাধ্যতামূলক না হওয়ায় এর ব্যবহারকারীর সংখ্যা কাজক্ষিত স্তরে নিয়ে যাওয়া সম্ভবপর হচ্ছে না। ফলে শুল্ক-কর পরিশোধের এ আধুনিক পদ্ধতির সেবা হতে আমদানিকারকগণ বঞ্চিত হচ্ছেন। একইসাথে পদ্ধতিটি বাস্তবায়িত না হওয়ায় জাল চালান দাখিল এবং মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অফিসের সাথে প্রদর্শিত রাজস্ব আহরণ চিত্রে প্রায়শই গরমিল দেখা যায়। অন্যদিকে আমদানিকারকের নিকট হতে সংগৃহীত অর্থ রাজস্ব হিসেবে জমা প্রদানে ক্ষেত্রবিশেষে জালিয়াতির আশ্রয় গ্রহণ করে কম রাজস্ব জমা প্রদান পূর্বক বেশি রাজস্ব জমার জাল দলিলাদি প্রস্তুত করারও আশঙ্কাও থেকে যায়।

০৩। উক্ত জাল-জালিয়াতি প্রতিরোধে ই-পেমেন্ট অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করতে পারে। এ ব্যবস্থায় সংশ্লিষ্ট আমদানিকারক অথবা সিএন্ডএফ এজেন্ট এর ব্যাংক অ্যাকাউন্ট হতে সরাসরি বাংলাদেশে ব্যাংকের RTGS এর মাধ্যমে সরকারি ট্রেজারিতে শুল্ক-করের অর্থ পরিশোধের সুযোগ রয়েছে। ফলে আধুনিক এ পদ্ধতি ব্যবহার করে আমদানিকারক অথবা তার মনোনীত এজেন্ট কর্তৃক নির্বিঘ্নে রাজস্ব পরিশোধের মাধ্যমে দ্রুততর সময়ে অর্থ পরিশোধে জাল-জালিয়াতির ঝুঁকিবিহীনভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে।

০৪। বিদ্যমান বাস্তবতায় ই-পেমেন্ট বাধ্যতামূলক করা এবং এ সংক্রান্ত ব্যাপক প্রচারণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে কার্যকর এ ব্যবস্থা চালুর জন্য গত ১৮/০৩/২০২০ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আয়োজন করা হয়। উক্ত সভায় আমদানি/রপ্তানিকারক ও এজেন্টগণকে সচেতন করার লক্ষ্যে সংশ্লিষ্ট এসোসিয়েশন বা বাণিজ্যিক সংস্থাসমূহ কর্তৃক কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন করতে হবে মর্মে সদস্য, কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য, সদস্য, কাস্টমস নীতি ও আইসিটি এবং সকল কাস্টম হাউসের কমিশনারদের দায়িত্ব প্রদান করা হয়। একইসাথে উক্ত সভায় কাস্টম হাউস, (আইসিডি) কমলাপুর, ঢাকাতে ন্যূনতম শুল্ক-করের একটি পরিসীমা নির্ধারণ করে আপাতত তা ই-পেমেন্টের আওতায় আনার জন্য এ পদ্ধতির পরীক্ষামূলক বাস্তবায়ন (পাইলটিং) সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।

০৫। কিন্তু বর্তমানে কোভিড-১৯ জনিত কারণে জনসমাগম নিরুৎসাহিত করার কারণে সচেতনতামূলক কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন করা সম্ভবপর হয়নি। তবে স্টেকহোল্ডারদের সচেতন করার জন্য সংক্ষিপ্ত ভিডিও টিউটোরিয়াল নির্মাণের কার্যক্রম ইতোমধ্যেই শুরু হয়েছে। বিদ্যমান বাস্তবতায় ধাপে ধাপে ই-পেমেন্ট

বাধ্যতামূলক করা এবং এ সংক্রান্ত ব্যাপক প্রচারণা কার্যক্রম পরিচালনার বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড বিবেচনা করছে। এক্ষেত্রে একটি নির্দিষ্ট পরিমাণ শুল্ক-কর এর বেশি পরিমাণের রাজস্ব পরিশোধের ক্ষেত্রে প্রাথমিকভাবে ই-পেমেন্ট ব্যবস্থা বাধ্যতামূলক করা এবং পরবর্তীকালে ধাপে ধাপে সকল ধরনের রাজস্ব পরিশোধে ই-পেমেন্ট বাধ্যতামূলক করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

০৬। এছাড়াও বর্তমানে করোনা ভাইরাসের কারণে কাস্টম হাউস ও অন্যান্য দপ্তরসমূহে জনসমাগম নিরুৎসাহিত করতে হচ্ছে। বর্ণিতাবস্থায়, রাজস্ব ফাঁকি নিয়ন্ত্রণ এবং করোনা পরিস্থিতিতে কাস্টমস কর্মকর্তা ও সংশ্লিষ্ট অংশীজনদের নিরাপত্তা নিশ্চিতকরণ ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহে ই-পেমেন্ট চালুর জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে ও এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রম	বিষয়	বাস্তবায়নকাল	বাস্তবায়নকারী
(১)	ছয়টি কাস্টম হাউস ও বিভিন্ন কাস্টমস স্টেশনে ই-পেমেন্ট বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সভার আয়োজন এবং তাদের জন্য প্রশিক্ষণ আয়োজন। কোভিড-১৯ এর কারণে জনসমাগম পরিহারের স্বার্থে প্রয়োজনে ভার্চুয়াল সভা আয়োজন।	চলমান	কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস (সকল) এবং কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, (সকল)
(২)	জাতীয় রাজস্ব বোর্ডের অ্যাসাইকুডা টিম কর্তৃক সংশ্লিষ্ট কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনে প্রশিক্ষণ প্রদানের জন্য এ বিষয়ে বিশেষজ্ঞ কর্মকর্তা প্রেরণ করতে হবে এবং কোভিড-১৯ এর কারণে জনসমাগম পরিহারের স্বার্থে প্রয়োজনে ভার্চুয়াল সভা আয়োজন।	চলমান	সংশ্লিষ্ট কমিশনার এবং সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
(৩)	যে সকল ব্যাংকের ই-পেমেন্ট এর ব্যবস্থা রয়েছে সে সকল ব্যাংক কর্তৃক নিজ নিজ আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট গ্রাহকদের মধ্যে সচেতনতা তৈরির জন্য প্রচারণামূলক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।	চলমান	বাংলাদেশ ব্যাংক
(৪)	কাস্টম হাউস, ঢাকা এবং কাস্টম হাউস, আইসিডি যৌথভাবে এফবিসিসিআই এর সাথে আলোচনাক্রমে ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনবোধে উক্ত প্রশিক্ষণে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংক কর্মকর্তাদের প্রশিক্ষক হিসেবে আনয়ন।	চলমান	কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা এবং কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এবং এফবিসিসিআই।
(৫)	১ এপ্রিল ২০২১ এর মধ্যে কাস্টম হাউস, আইসিডি কমলাপুর-এ সকল বিল অব এন্ট্রি এবং বিল অব এক্সপোর্ট এর রাজস্ব আবশ্যিকভাবে ই-পেমেন্টের মাধ্যমে পরিশোধ করতে হবে মর্মে কমিশনার কর্তৃক Customs Act, 1969 এর sec. 219B এ প্রদত্ত ক্ষমতাবলে অফিস আদেশ জারিকরণ।	১ এপ্রিল ২০২১ থেকে	কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা
(৬)	১ জুলাই ২০২১ এর মধ্যে কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা ব্যতীত (এদপ্তরে পূর্বেই চালু হবে) সকল কাস্টম হাউস এবং কাস্টমস স্টেশনের ক্ষেত্রে দুই লক্ষ টাকার অধিক রাজস্ব সংশ্লিষ্ট পণ্যচালানের শুল্ক-করাদি আবশ্যিকভাবে ই-পেমেন্টের মাধ্যমে পরিশোধ করতে হবে মর্মে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক Customs Act, 1969 এর sec. 219B এ প্রদত্ত ক্ষমতাবলে আদেশ জারিকরণ।	১ জুলাই, ২০২১ থেকে	কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস (সকল) এবং কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, (সকল)

(৭)	১ জানুয়ারি ২০২২ এর মধ্যে দেশের সকল কাস্টম হাউস এবং কাস্টমস স্টেশনে সকল পণ্য চালানের রাজস্ব আবশ্যিকভাবে ই-পেমেন্টের মাধ্যমে পরিশোধ করতে হবে মর্মে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক Customs Act, 1969 এর sec. 219B এ প্রদত্ত ক্ষমতাবলে আদেশ জারিকরণ।	১ জানুয়ারি, ২০২২ থেকে	কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস (সকল) এবং কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, (সকল)
-----	---	------------------------	--

০৭। বিষয়টি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

৩১.০৮.২০২০

(খন্দকার মুহাম্মদ আমিনুর রহমান)

সদস্য (গ্রেড-১)

কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

বিতরণ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
- ০২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ ব্যাংক ভবন, মতিঝিল, ঢাকা।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, সোনালী ব্যাংক ভবন, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ০৪। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস (সকল)।
- ০৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, (সকল)।
- ০৬। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
- ০৭। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৮। চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, জব্বার টাওয়ার (১৬ তলা), ৪২, গুলশান এভিনিউ, রোড নং-১৩৫, ঢাকা-১২১২।
- ০৯। প্রেসিডেন্ট, এসোসিয়েশন অব ব্যাংকারস বাংলাদেশ লিমিটেড, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, (১১ তলা), ঢাকা-১০০০।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস ক্লিয়ারিং অ্যান্ড ফরওয়ার্ডিং এজেন্টস অ্যাসোসিয়েশন, অ্যাসোসিয়েশন ভবন, ৩/সি, নিউ বেইলি রোড, রমনা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৭.১০.০০৩.১৯ — ২৮৫

তারিখ: ১৬ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০২০ খ্রি.

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [বিষয়টি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া ব্যাপকভিত্তিক প্রচারের অনুরোধসহ]।
- ০৩। পিএ টু সদস্য (কাস্টমস অনুবিভাগ সকল), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩১.০৮.২০২০
(মোঃ তारेক মাহমুদ)

দ্বিতীয় সচিব (কাস্টমস: আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা)

ই-মেইল: tarek.customs@gmail.com

টেলিফোন: ৮৩১৮১২০-২৬, এক্স ২৭৯